



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৫.০৭.২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবি'র রসায়ন বিভাগে 'স্মার্ট ক্যারিয়ার কাউন্সেলিং' বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের আয়োজনে আজ শনিবার ১৫ জুলাই 'এ স্মার্ট ক্যারিয়ার কাউন্সেলিং' অন কেমিস্ট্রি; জার্নি ট্রান্সওয়ার্ডস দ্বা প্রফেশনাল ওয়ার্ক' বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. এস এম সাইফুল ইসলাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. তরিকুল ইসলাম।



সেমিনারে বক্তা ছিলেন বিসিএসআইআর (চট্টগ্রাম)-এর ভারপ্রাপ্ত পরিচালক ড. মোহাম্মদ মোস্তফা এবং স্টেপ গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সিইও মো. আমিনুল ইসলাম শামিম। সেমিনারে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান মো. ফারংক আহমেদ।

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আমাদের জ্ঞানের আগ্রহ বাড়ানো এবং সুযোগকে সর্বোচ্চ ব্যবহার করতে হবে। ভবিষ্যতের জন্য নিজেকে তৈরি করতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

স্বপ্ন দেখা এবং স্বপ্নকে বাস্তবায়নের জন্য কাজ করতে হবে। সময়কে কাজে লাগানোর মাধ্যমে প্রতিনিয়ত জ্ঞান আহরণ করতে হবে। ক্যারিয়ার গঠনের জন্য পরিকল্পনা করে সামনে আগাতে হবে। ভালোকিতু করার ক্ষেত্রে মিশন ভিশন ঠিক করতে হবে।

সেমিনারে বিভাগের সহযোগী অধ্যাপক রতন কুমার পাল এবং প্রভাষক মো. কাওসার হোসেনসহ বিভাগের বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক-

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫